# বার্ষিক প্রতিবেদন
## ২০২৩-২৪

উপজেলা সমবায় কার্যালয়, মান্দা, নওগাঁ
www.cooperative.manda.naogaon.gov.bd
ucomandangon@gamil.com

# প্রকাশনা পরিচিতি

উপদেষ্টা

**মোহাম্মদ আব্দুর রশিদ**
উপজেলা সমবায় অফিসার(ভারপ্রাপ্ত), মান্দা, নওগাঁ

সম্পাদনা পরিষদ

মো: শফিকুল ইসলাম
সহকারী পরিদর্শক
উপজেলা সমবায় কার্যালয়, মান্দা, নওগাঁ

উজ্জ্বল কুমার কবিরাজ
সহকারী পরিদর্শক
উপজেলা সমবায় কার্যালয়, মান্দা, নওগাঁ

মিঠুন কুমার দত্ত
অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর
উপজেলা সমবায় কার্যালয়, মান্দা, নওগাঁ

তথ্য সরবরাহ
মো: শফিকুল ইসলাম, উজ্জ্বল কুমার কবিরাজ ও মিঠুন কুমার দত্ত

প্রকাশকাল
১৪ অক্টোবর ২০২৪

প্রকাশনায়
**উপজেলা সমবায় কার্যালয়, মান্দা, নওগাঁ**
**www.cooperative.manda.naogaon.gov.bd**
**ucomandangon@gamil.com**



নিবন্ধক ও মহাপরিচালক
সমবায় অধিদপ্তর, ঢাকা

# বাণী

প্রতি বছরের ন্যায় এ বছরও সমবায় বিভাগ, রাজশাহীর সার্বিক কার্যক্রম সম্বলিত একটি বার্ষিক প্রতিবেদন প্রকাশিত হতে যাচ্ছে জেনে আমি আনন্দিত। যে কোনো দেশের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে সমবায় একটি পরীক্ষিত মাধ্যম। সমবায়ের মাধ্যমে ক্ষুদ্র ক্ষুদ্র পুঁজি একত্রিত করে বৃহৎ পুঁজি গঠন করা যায় এবং তার মাধ্যমে অর্থনীতির ভিত মজবুত করা যায়।

দেশের কর্মক্ষম বিশাল জনগোষ্ঠীকে দক্ষ মানব সম্পদে পরিণত করার জন্য সমবায়ের গুরুত্ব অপরিসীম। কৃষি, মৎস্য, তাঁতি, পরিবহনসহ পেশাভিত্তিক সমবায় সমিতি দারিদ্র্য-বিমোচনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। অর্থনীতির প্রায় সকল খাতেই আজ সমবায়ভিত্তিক কর্মকাণ্ড পরিচালিত হচ্ছে।

প্রতিবেদনে সমবায় কার্যক্রমের পরিসংখ্যান হিসেবে রাজশাহী বিভাগাধীন সমবায় সমিতির সংখ্যা, সদস্য, মূলধন, ঋণ বিতরণ, কর্মসংস্থান সৃষ্টি, সরকারি রাজস্ব আদায়, মুনাফা ও লভ্যাংশ বিতরণের পাশাপাশি সমবায়ীদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে সমবায় দপ্তর কর্তৃক আয়োজিত বিভিন্ন প্রশিক্ষণ ও পদক্ষেপের বিষয় তুলে ধরা হয়েছে।

গ্রামীণ অর্থনীতিকে সচল রাখতে অব্যাহতভাবে বিভিন্ন প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে দেশের পিছিয়ে পড়া জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়নে সমবায় বিভাগ কাজ করে যাচ্ছে এবং সক্রিয়ভাবে অবদান রেখে চলেছে। বিভিন্ন ভোগ্য ও ব্যবহার্য পণ্য উৎপাদন ও বিপণন ব্যবস্থা গড়ে তোলার মাধ্যমে আয়-বৈষম্য দূরীকরণ ও অর্থনীতিকে শক্তিশালীকরণে দৃশ্যমান অবদান রাখছে সমবায়।

বার্ষিক প্রতিবেদনটি দেশের সমবায় কর্মকাণ্ড সম্পর্কে জানতে আগ্রহী সকল মহলের চাহিদা মেটাতে সক্ষম হবে বলে আমি মনে করি। প্রতিবেদন প্রণয়নের সঙ্গে সম্পৃক্ত সংশ্লিষ্ট সকলকে আমি আন্তরিক ধন্যবাদ জানাই।

মোঃ শরিফুল ইসলাম



যুগ্মনিবন্ধক
বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী

# মুখবন্ধ

দারিদ্র্য-বিমোচন, মানব সম্পদ উন্নয়ন ও সামাজিক অগ্রগতিতে সমবায়ের ভূমিকা আজ বিশ্বব্যাপী স্বীকৃত। সমবায়ের মূল উদ্দেশ্য হচ্ছে শোষিত, বঞ্চিত ও পিছিয়ে পড়া জনশ্রেণিকে শোষণমুক্ত ও অগ্রসর করা। তারই প্রেক্ষিতে সাধারণ মানুষের দারিদ্র্য-বিমোচন, আর্থ-সামাজিক উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি ও নারীর ক্ষমতায়নে সমবায় সমিতিগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।

অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নে রাজশাহী বিভাগাধীন সমবায় সমিতিসমূহের অবদান তুলে ধরার লক্ষ্যে বার্ষিক প্রতিবেদন ২০২৩-২৪ প্রকাশিত হলো। প্রতিবেদনে সমবায় সমিতির সংখ্যা, সদস্য-সংখ্যা, শেয়ার মূলধন, সঞ্চয় আমানত, তহবিল, ঋণ, বিনিয়োগ ও কর্মসংস্থানের তথ্যসহ সমবায় বিভাগ কর্তৃক গৃহীত বিভিন্ন কর্মকাণ্ডের চিত্র সন্নিবেশিত হয়েছে।

বর্তমানে ৩৫ প্রকারের সমবায় সমিতি রয়েছে। ৩০ জুন, ২৪ তারিখ রাজশাহী বিভাগে মোট সমিতির সংখ্যা ১১৩০৬ টি (জাতীয় ১, কেন্দ্রীয় ১৬৮ ও প্রাথমিক ১১১৩৭) এবং ব্যক্তি সদস্য ৭,২৯,৬৯০ জন। এসব সমবায় সমিতির বেশির ভাগই ক্ষুদ্র আয়ের জনগোষ্ঠীর চাহিদা অনুযায়ী আর্থিক সুবিধা প্রদান করে দারিদ্র্য-বিমোচন ও অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে গুরুত্বপূর্ণ অবদান রাখছে এবং বিভিন্ন সময়ে এ বিভাগের বেশ কিছু সমবায় সমিতি জাতীয় সমবায় পুরস্কার পেয়েছে।

জাতি গঠনমূলক প্রতিষ্ঠান হিসেবে সমবায় অধিদপ্তর ১৯০৪ সাল হতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। সমবায়ের মাধ্যমে সমাজে বিরাজমান বৈষম্য দূর করে একটি সমৃদ্ধ ও বৈষম্যহীন দেশ গড়া সম্ভব হবে বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি।

প্রতিবেদনটি সমবায় বিভাগ, রাজশাহী এর গৃহীত, পরিচালিত ও সমাপ্ত কার্যক্রম সম্পর্কে সকলকে অবহিত রাখতে ইতিবাচক ভূমিকা পালন করবে বলে আমি মনে করি। প্রতিবেদন প্রণয়নে যেসব সহকর্মী বিভিন্নভাবে সহযোগিতা প্রদান করেছেন তাঁদের অশেষ ধন্যবাদ এবং কৃতজ্ঞতা জানাচ্ছি।

মোঃ মোখলেছুর রহমান



জেলা সমবায় অফিসার
নওগাঁ

# বাণী

স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়ের অধীন নওগাঁ জেলার ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশিত হচ্ছে জেনে আমি আনন্দিত।

আজন্ম বাঙ্গালী জাতীর স্বপ্ন বৈষম্য দূরীকরণের মাধ্যমে একটি সুখী-সমৃদ্ধ সোনার বাংলাদেশ গড়ার। তারই ধারাবাহিকতায় সমবায় অধিদপ্তর সমবায় সমিতির মাধ্যমে সোনার বাংলা গড়ার অগ্রণী ভূমিকা পালন করে আসছে। সমবায় বিভাগ গ্রামীন দরিদ্র জনগোষ্ঠির দারিদ্র বিমোচন ,আর্থ- সমাজিক অবস্থার উন্নয়ন,কর্মস্থানের সৃষ্টি,নারী ক্ষমতায়ন ও দারিদ্র্য হ্রাসে সমবায় সমিতিগুলি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। অর্থনীতির সকল খাতেই সমবায় কর্মকান্ড পরিচালিত হচ্ছে। সমবায় বিভাগ ও সমবায় সমিতি সমূহ দেশের অর্থনৈতিক  ও সামাজিক যে, অবদান রাখছে তার একটি চিত্র তুলে ধরার জন্য জেলা সমবায় কাযালয়, নওগাঁ কর্তৃক বার্ষিক প্রতিবেদন প্রকাশ করা হয়ে থাকে। তারই ধারাবাহিকতায় এ বছর বার্ষিক প্রতিবেদন ২০২৪-২০২৫ প্রকাশিত হল। প্রতিবেদনটিতে নওগাঁ জেলার সমবায় কাযক্রমের পরিসংখ্যান হিসাবে সমবায় সমিতি গুলোর সংখ্যা,ব্যক্তি সদস্য,শেয়ার মুলধন,সঞ্চয়ন আমানত গঠিত অন্যান্য তহবিল গৃহিত ও দাদনকৃত ঋণ ,আদায়কৃত ঋণ,বার্ষিক অডিট করণ,সরকারী রাজস্ব আদায় ,লভ্যাংশ বিতরণ ইত্যাদির পাশাপাশি সমরায় অধিদপ্তর ও এর আওতাধীন প্রশিক্ষণ এর মাধ্যমে সমবায়ীদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে আয়োজিত প্রশিক্ষণ বিষয়ে বিস্তারিত পরিসংখ্যান তুলে ধারা ও যাবতীয় তথ্যসহ নওগাঁ জেলার এবংঅধিনস্ত প্রতিষ্ঠান সমূহের কর্মকান্ড এ প্রতিবেদনে সন্নিবেশিত ।

অর্থনীতিকে সচল রাখতে অব্যাহতভাবে বিভিন্ন প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে দেশের পিছিয়ে পড়া জনগোষ্ঠির মান উন্নয়নে কাজ করে যাচ্ছে এবং সক্রিয়ভাবে অবদান রেখে চলেছে। উৎপাদন,বিপণন ও সুষম বন্টন ব্যবস্থায় বৈষম্য দূরীকরণে ভূমিকা রেখে জাতীয় অর্থনীতিকে শক্তিশালী করণেও দৃশ্যমান অবদান রাখতে পারে।

প্রতিবেদনটি নওগাঁ জেলার কর্মকান্ড প্রচারে অবদান রাখবে এবং জেলার কর্মকান্ড সম্পর্কে জানতে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের নিকট সমাদৃত হবে বলে আমি বিশ্বাস করি। এ প্রতিবেদন প্রণয়নের জন্য তথ্য সংগ্রহ,প্রনয়ন ও সম্পাদনার সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক অভিনন্দন  ও ধন্যবাদ জানাই।

প্রতিবেদনটির মানোন্নয়নে সকলের পরামর্শ  সাদরে গৃহিত হবে।

খোন্দকার মনিরুল ইসলাম



উপজেলা সমবায় অফিসার
মান্দা, নওগাঁ

# বাণী

বাংলাদেশের জনগণের আর্থ-সামাজিক উন্নয়নে শতাধিক বছর ধরে সমবায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। সমবায়ের গুরুত্ব বিবেচনা করে বাংলাদেশের সংবিধানে সমবায়কে মালিকানার তিনটি খাতের অন্যতম খাত হিসেবে উল্লেখ করা হয়েছে।

সমৃদ্ধ সমাজ গঠনে “সমবায়” একটি অন্যতম কার্যকর পদ্ধতি। ২০৪১ সালের মধ্যে একটি উন্নত বাংলাদেশ গড়ে তোলাই বর্তমান সরকারের লক্ষ্য পূরণে একটি অন্যতম প্রয়োগিক পদ্ধতি হিসেবে সমবায়ের উল্লেখযোগ্য অবদান রাখার সুযোগ রয়েছে। কৃষিকে কেন্দ্র করে এ উপমহাদেশে সমবায়ের উৎপত্তি হলেও কৃষি ও কৃষিভিত্তিক কার্যখ্রমের পাশাপাশি ক্ষুদ্র ব্যবসা, পরিবহন, পেশাজীবি , আবাসন, মৎস্য দুগ্ধ, সঞ্চয়-ঋণদান, পানি ব্যবস্থাপনা, উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ, পর্যটন প্রভৃতি সেক্টরে সমবায় কার্যক্রমের বিস্তার ঘটেছে। অত্র মান্দা উপজেলার বিভিন্ন শ্রেণি পেশার মানুষের আর্থ-সামাজিক উন্নয়নে সমবায় বিভাগ প্রধানত তিনভাবে কাজ করছে: ক) সমবায় সমিতি গঠন করে সমিতির কার্যক্রমের মাধ্যমে; খ) প্রশিক্ষণের মাধ্যমে;
গ) প্রকল্প গ্রহণের মাধ্যমে।

দারিদ্র্য বিমোচন, দুর্যোগ ব্যবস্থাপনা, পরিবেশ বিপর্যয় প্রতিরোধ এবং খাদ্য নিরাপত্তা বলয় সৃষ্টিতে অন্যতম এবং উৎকৃষ্ট পদ্ধতি হলো সমবায়ী উদ্যোগ। এ জন্য প্রয়োজন সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে দেশের জন্য নিজের জন্য সমবায় প্রতিষ্ঠা করে সমবায় আন্দোলনকে এগিয়ে নিয়ে যাওয়া আমাদের সকলের একান্ত দায়িত্ব।

মোহাম্মদ আব্দুর রাশদ

# প্রারম্ভিকা

বাংলার কৃষককে সুদখোর মহাজনদের শোষণথেকে বাঁচানোর মহৎ উদ্দেশ্যে এ উপমহাদেশে ১৯০৪ সালে সমবায় আন্দোলনের আনুষ্ঠানিক যাত্রা শুরু।বিভিন্ন চড়াই উৎরাই পেরিয়ে সময়ের প্রেক্ষাপটে কৃষির পাশাপাশি মৎস্য, দুগ্ধ, পানি ব্যবস্থাপনা, সার্বিক গ্রাম উন্নয়ন, বহুমুখী, সঞ্চয় ও ঋণদান, ক্ষুদ্র ব্যবসা, পরিবহন, কুটিরশিল্প, গৃহায়ণ, তাঁত শিল্প ইত্যাদি ৩৫ শ্রেণির বিভিন্ন খাতে সমবায় পদ্ধতির বিস্তার ঘটেছে।

স্বাধীনতার পর যুদ্ধ বিধ্বস্ত বাংলাদেশকে পুনর্গঠনের জন্য সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সমবায় পদ্ধতিকে গুরুত্ব দিয়েছিলেন। তিনি সমবায়ের মাধ্যমে স্বপ্নের সোনার বাংলা গড়তে চেয়েছিলেন। তাই সমবায়কে যথাযথ গুরুত্ব দিয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশের সংবিধানের ১৩(খ) অনুচ্ছেদে সমবায়কে সম্পদের মালিকানার দ্বিতীয় খাত হিসেবে অন্তর্ভুক্ত করেছেন।

মান্দা উপজেলায় মোট সমবায় সমিতির সংখ্যা ১৯৭ টি (কেন্দ্রীয় ২, প্রাথমিক ১৯৪টি ও কালব্ ০১টি)।এ সকল সমবায় সমিতির বেশির ভাগই ক্ষুদ্র আয়ের জনগোষ্ঠীর মাঝে ঋণ সুবিধা প্রদান করে দারিদ্র্য বিমোচন ও অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে গুরত্বপূর্ণ অবদান রাখছে।অন্যদিকে কৃষিজাত শিল্পায়ন ও মৎস্যখাতের পাশাপাশি দুগ্ধখাতে সমবায়ের কার্যক্রম ক্রমেই বিস্তৃতি ঘটছে।

দেশের মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে এ বিভাগের আওতাধীন আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইনস্টিটিউট, নওগাঁ ও ভ্রাম্যমাণ প্রশিক্ষণ এর মাধ্যমে সমবায়ীদের বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে।

সমবায়ের মূল চালিকাশক্তি এর সদস্য, সদস্যদের সার্বিক উন্নয়নকল্পে বর্তমান সরকার গ্রহণ করেছে স্বল্প ও দীর্ঘ মেয়াদি ব্যাপক কর্মপরিকল্পনা। ইতোমধ্যে সমবায় সেক্টরের জন্য রাজস্ব বাজেট বৃদ্ধি, নতুন জনবল নিয়োগ, সকল পর্যায়ে সুযোগ-সুবিধা বৃদ্ধির পাশাপাশি ব্যাপকহারে সমবায়ীদের আয়বর্ধনমূলক প্রশিক্ষণ প্রদান এবং বিভিন্ন উন্নয়ন প্রকল্পের মাধ্যমে আর্থিক ও উপকরণ সহায়তা প্রদানের ফলে দারিদ্র্য বিমোচনসহ সমবায়ীদের জীবনমানের উন্নয়ন সাধিত হচ্ছে।

সময়ের চাহিদা পূরণ ও সমবায়ীদের দাবীর পরিপ্রেক্ষিতে ২০২০ সালে সরকার সমবায় সমিতি বিধিমালা,২০০৪ সংশোধন করে সমবায় সমিতি বিধিমালা,২০০৪ (সংশোধন ২০২০) জারি করেছে এবং সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধন ২০০২ ও ২০১৩) এর অধিকতর সংশোধনের জন্য খসড়া আইন প্রণয়ন প্রক্রিয়াধীন রয়েছে।

# প্রথম অধ্যায়
# উপজেলা সমবায় কার্যালয়, মান্দা, নওগাঁ

## ১. উপজেলা সমবায় কার্যালয়, মান্দা, নওগাঁ

উপজেলা সমবায় কার্যালয়, মান্দা, নওগাঁ সমবায় অধিদপ্তর, ঢাকা এর অধীন একটি প্রাচীন উপজেলা দপ্তর।

### ১.১ রূপকল্প

টেকসই সমবায়, টেকসই উন্নয়ন।

### ১.২ অভিলক্ষ্য

সমবায়ীদের সক্ষমতা বৃদ্ধি এবং উদ্যোক্তা সৃষ্টির মাধ্যমে কৃষি, অকৃষি, আর্থিক ও সেবাখাতে টেকসই সমবায় গড়ে তোলা।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ

#### ১.৩.১ কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. উৎপাদন, আর্থিক ও সেবাখাতে টেকসই সমবায় গঠন;

২. দক্ষতা বৃদ্ধির মাধ্যমে সমবায়ের মানোন্নয়ন;

৩. মানসম্পন্ন ও নিরাপদ সমবায় পণ্য উৎপাদন ও প্রসার;

৪. দরিদ্র ও অনগ্রসর মহিলাদের সক্ষমতা বৃদ্ধি ও সম্পদের অধিকার অর্জনে কার্যক্রম গ্রহণ।

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন;

২. কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন;

৩. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন;

৪. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন;

৫. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন।

### ১.৪ কার্যাবলি

১. সমবায় নীতিতে উদ্বুদ্ধকরণ ও নিবন্ধন প্রদান;
২. সমবায় সমিতির নিরীক্ষা, পরিদর্শন, অভিযোগ নিষ্পত্তি ও বিধিবদ্ধ অন্যান্য কার্যক্রম তদারকির মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠা;
৩. সমবায়ীদের প্রায়োগিক প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি, মূল্যবোধ সৃষ্টি ও স্বকর্মসংস্থান সৃজনের মাধ্যমে দারিদ্র্য বিমোচন;
৪. সমবায় নেটওয়ার্কিং জোরদারকরণের লক্ষ্যে সমবায় মূল্যবোধ প্রচার, সেমিনার ও কর্মশালা আয়োজন;
৫. সমবায় সমিতির কার্যক্রম জরিপ, গবেষণা এবং কেস স্টাডি;
৬. সমবায় ভিত্তিক প্রকল্প ও কর্মসূচির মাধ্যমে গ্রামীণ মহিলাদের ক্ষমতায়ন ও আর্থ-সামাজিক উন্নয়ন;
৭. পুঁজি গঠন ও বিনিয়োগের মাধ্যমে মূলধন সৃষ্টি এবং সমবায় ভিত্তিক ব্যবসা প্রতিষ্ঠান গড়ে তোলা;
৮. সমবায় পণ্য ব্র্যান্ডিং ও বাজার সংযোগ প্রতিষ্ঠা করা;
৯. দাপ্তরিক প্রশাসন পরিচালনা এবং প্রশিক্ষণের মাধ্যমে কর্মকর্তা ও কর্মচারিগণের পেশাগত দক্ষতা বৃদ্ধি;
১০. যুগের চাহিদা মোতাবেক সমবায় সমিতি পরিচালনার সুবিধার্থে সমবায় সমিতি আইন ও বিধিমালা সংশোধনের জন্য পরামর্শ প্রদান করা এবং উপজেলা যুগ্মনিবন্ধকের উপর অর্পিত বিধিবদ্ধ দায়িত্ব পালন।

## ১.৫ অভিযোগ নিষ্পত্তি ইউনিট

| অভিযোগ নিষ্পত্তিকারী কর্মকর্তা | আপীল কর্তৃপক্ষ |
|---|---|
| নাম: মোহাম্মদ আব্দুর রশিদ | নাম: খোন্দকার মনিরুল ইসলাম |
| পদবি: উপজেলা সমবায় অফিসার (ভারপ্রাপ্ত) | পদবি: জেলা সমবায় অফিসার, নওগাঁ |
| ফোন: ০২৫৮৮৮৮৬১৫৫ | ফোন: ০২৫৮৮৮৮১১০৬ |
| মোবাইল: ০১৭১৩-৭৮৭২৪৭ | মোবাইল: ০১৭৪৪৪৩৫১৯২ |
| ই-মেইল: ucomandangon@gmail.com | ই-মেইল: dco_naogaon@yahoo.com |
| অফিস: উপজেলা সমবায় কার্যালয়, মান্দা, নওগাঁ | অফিস: জেলা সমবায় অফিস, নওগাঁ |

## ১.৫.১ তথ্য প্রদান ইউনিট

| দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | আপীল কর্তৃপক্ষ |
|---|---|
| নাম: মোহাম্মদ আব্দুর রশিদ | নাম: খোন্দকার মনিরুল ইসলাম |
| পদবি: উপজেলা সমবায় অফিসার (ভারপ্রাপ্ত) | পদবি: জেলা সমবায় অফিসার, নওগাঁ |
| ফোন: ০২৫৮৮৮৮৬১৫৫ | ফোন: ০২৫৮৮৮৮১১০৬ |
| মোবাইল: ০১৭১৩-৭৮৭২৪৭ | মোবাইল: ০১৭৪৪৪৩৫১৯২ |
| ই-মেইল: ucomandangon@gmail.com | ই-মেইল: dco_naogaon@yahoo.com |
| অফিস: উপজেলা সমবায় কার্যালয়, মান্দা, নওগাঁ | অফিস: জেলা সমবায় অফিস, নওগাঁ |


## ১.৬ সাংগঠনিক কাঠামো ও জনবল

উপজেলা সমবায় কার্যালয়, মান্দা, নওগাঁ এর জনবল কাঠামো নিম্নরূপ:

শ্রেণিভিত্তিক জনবল

| শ্রেণি | জনবল | | |
|---|---|---|---|
| | অনুমোদিত | কর্মরত | শূন্য |
| প্রথম | ০ | ০ | ০ |
| দ্বিতীয় | ১ | ১ | ০ |
| তৃতীয় | ৩ | ৩ | ০ |
| চতুর্থ | ১ | ০ | ০ |
| মোট | ৫ | ৪ | ০ |

**উপজেলা সমবায় কার্যালয়,মান্দা, নওগাঁ এর সাংগঠনিক কাঠামো**




## ১.৭ প্রশিক্ষণ

সমবায় সমিতির কার্যক্রমে আইনানুগ নিয়ন্ত্রণ ও সমবায়ীদের উন্নয়নমূলক কর্মকাণ্ডে গতি বৃদ্ধির জন্য সমবায় প্রশিক্ষণের প্রয়োজনীয়তা অপরিসীম। বাংলাদেশ সমবায় একাডেমি ও এর অধিভুক্ত ১০টি আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইনস্টিটিউট এবং জেলা সমবায় কার্যালয়ের ভ্রাম্যমাণ প্রশিক্ষণ ইউনিট এরূপ বিভিন্ন প্রাতিষ্ঠানিক ও ভ্রাম্যমাণ প্রশিক্ষণ প্রদান করে থাকে।

### প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ

আঞ্চলিক সমবায় শিক্ষায়তন, নওগাঁ এ বিভাগের একমাত্র সমবায় প্রশিক্ষণ কেন্দ্র। এ প্রশিক্ষণ কেন্দ্র রাজশাহী বিভাগের ৭টি জেলার সমবায়ী এবং সমবায় বিভাগের কর্মকর্তা-কর্মচারিদের জন্য বিভিন্ন প্রশিক্ষণ কোর্স বাস্তবায়ন করে থাকে।

## ভ্রাম্যমাণ প্রশিক্ষণ

জেলা সমবায় কার্যালয়ের ভ্রাম্যমাণ প্রশিক্ষণ ইউনিট কর্তৃক সমবায়ীদের চাহিদা অনুযায়ী তৃণমূল পর্যায়ে সমবায় ব্যবস্থাপনা, হাঁস-মরগি ও গবাদি পশু পালন, বৃক্ষরোপন, স্যানিটেশন প্রভৃতি আয়বর্ধক ও আত্ম-কর্মসংস্থানমূলক বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়।

## ২০২৩-২৪ অর্থ বছরে ভ্রাম্যমাণ প্রশিক্ষণের অগ্রগতি নিম্নরূপঃ

| নং | উপজেলার নাম | প্রশিক্ষণেরলক্ষ্যমাত্রা (জন) | অনুষ্ঠিত প্রশিক্ষণসংখ্যা | প্রশিক্ষণার্থী সংখ্যা | লক্ষ্যমাত্রা অর্জনের হার |
|---|---|---|---|---|---|
| ১ | মান্দা, নওগাঁ | ১০০ | ৪ | ১০০ | ১০০% |
| মোট | | ১০০ | ৪ | ১০০ | ১০০% |

## প্রশিক্ষণ

উপজেলা সমবায় কার্যালয় কর্তৃক ২০২৩-২০২৪ অর্থ বছরেবিভিন্ন বিষয়ে ০৪টি প্রশিক্ষণের মাধ্যমে ১০০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে ।

বিভিন্ন প্রশিক্ষণের খণ্ডচিত্র











## ১.৮ জাতীয় সমবায় দিবস

প্রতি বছর জুলাই মাসের ১ম শনিবার আন্তর্জাতিক সমবায় দিবস এবং নভেম্বর মাসের ১ম শনিবার জাতীয় সমবায় দিবস উদযাপিত হয়। ৫ নভেম্বর ২০২৩ খ্রি. তারিখ শনিবার ৫২তম জাতীয় সমবায় দিবস-২০২৩ উপলক্ষে উপজেলা ও উপজেলা প্রশাসন, সমবায় বিভাগ, মান্দা, নওগাঁ এবং স্থানীয় সমবায়ীদের যৌথ উদ্যোগে আলোচনা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান উপজেলা হলরুম, মান্দা, নওগাঁতে অনুষ্ঠিত হয়।

**৫২তম জাতীয় সমবায় দিবস,২০২৩**















### ১.৯বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) সমবায় অধিদপ্তর এবং উপজেলা সমবায় কার্যালয়, মান্দা, নওগাঁ এর মধ্যে স্বাক্ষরিত একটি সমঝোতা দলিল। সরকারি কর্মকাণ্ডে স্বচ্ছতা ও দায়বদ্ধতা বৃদ্ধি, সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ এবং প্রাতিষ্ঠানিক সক্ষমতা উন্নয়নের লক্ষ্যে সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতির আওতায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রবর্তন করা হয়েছে।

সমবায়কে উন্নয়নমুখী ও টেকসই করার জন্য উপজেলা সমবায় কার্যালয়, মান্দা, নওগাঁ তার চলমান কাজের ধারাবাহিকতা রক্ষার পাশাপাশি ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবেলার ভিত্তি প্রস্তুতের ক্ষেত্রে বিগত ৩ বছরে উল্লেখযোগ্য সাফল্য অর্জন করেছে। এর মধ্যে উদ্ভাবনী চর্চার মাধ্যমে নাগরিক সেবা সহজিকরণ, নতুন নতুন উৎপাদনমুখী সমবায় গঠন ও সমবায় উদ্যোক্তা সৃষ্টি অন্যতম।

#### ২০২৩-২০২৪ অর্থ বছরে প্রধান অর্জনসমূহ

- ০১টি মডেল সমবায় সমিতি গঠন;
- ১০০ জন সমবায়ীকে ভ্রাম্যমাণ প্রশিক্ষণ প্রদান;
- ২০৯ টি সমবায় সমিতির নিরীক্ষা সম্পাদন;
- ৬২ জনের কর্মসংস্থান সৃজন;
- অডিট ফি আদায় ১,১৬,৪১০ টাকা;
- সিডিএফ আদায় ১,২৯,৫৪১ টাকা।

## দ্বিতীয় অধ্যায়
## সমবায় খাতের অগ্রগতি

সমশ্রেণি বা পেশাভুক্ত কতিপয় ব্যক্তি একে অপরের সাহায্যে নিজেদের আর্থিক ও সামাজিক উন্নয়নের লক্ষ্যে সমবায় সমিতি আইনের অধীনে যে সংগঠন গড়ে তোলে তা হলো সমবায় সমিতি। দেশের সমবায় সমিতিগুলো সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০১৩) এবং সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত ২০২০) দ্বারা পরিচালিত ও নিয়ন্ত্রিত।

### ২.১ সমবায় সমিতির তথ্য

দেশের সমবায় সমিতিসমূহ নিম্নবর্ণিত ৩টি স্তরে বিভক্ত।

ক. প্রাথমিক সমবায় সমিতি
খ. কেন্দ্রীয় সমবায় সমিতি
গ. জাতীয় সমবায় সমিতি

অপরদিকে সমবায় সমিতি গঠন, অর্থায়ন ও সেবা প্রদানের দৃষ্টিকোণ থেকে সমবায় সমিতিসমূহকে ২ ভাগে করা যায়-
ক. সাধারণ সমবায় সমিতি
খ. পউবো (বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড) সমর্থনপুষ্ট সমবায় সমিতি

### ২.২সমবায় সমিতির সংখ্যা ও অডিট বরাদ্দ

৩০-৬-২০২৪ খ্রি. তারিখ এ বিভাগের মোট সমবায় সমিতির সংখ্যা ১৯৭ টি। ২০২৩-২০২৪ অর্থ বছর শেষ স্তরভিত্তিক সমবায় সমিতির সংখ্যা ও অডিট বরাদ্দ বিভাজন নিম্নরূপ:

| সমিতির ধরন | কেন্দ্রীয় | | | প্রাথমিক | | |
|---|---|---|---|---|---|---|
| | সাধারণ | পউবো | মোট | একাধিক জেলা/ বিভাগব্যাপী | প্রাথমিক | মোট |
| সমবায় সমিতির সংখ্যা | - | ২ | ২ | - | ১৯৫ | ১৯৫ |

#### ২০২৩-২০২৪ অডিট বর্ষের অগ্রগতি

সমবায় বিভাগের অন্যতম প্রধান কাজ হলো নিবন্ধিত সমবায় সমিতির হিসাব ও কার্যক্রম অডিট করা। অডিটের মাধ্যমে সমবায় সমিতির কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হয়। ২০২৩-২০২৪ অডিট বর্ষের অগ্রগতি নিম্নরূপ:

| সমিতির ধরন | অডিট বরাদ্দকৃত সমিতির সংখ্যা | অডিট সম্পন্ন সমিতির সংখ্যা | অডিট সম্পাদনের হার |
|---|---|---|---|
| কেন্দ্রীয় | ২ | ২ | ১০০% |
| প্রাথমিক | ২০৯ | ২০৯ | ১০০% |
| মোট | ২১১ | ২১১ | ১০০% |

## ২.৩নিবন্ধন ফি, অডিট ফি ও সিডিএফ আদায় অগ্রগতি

সমবায় বিভাগ সরকারি রাজস্ব (ননট্যাক্স) আয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। ২০২৩-২০২৪ অর্থ বছরে নিবন্ধন ফি বাবদ ৪২০০/- টাকা আদায় হয়েছে এবং অডিট ফি ও সিডিএফ আদায় অগ্রগতি নিম্নরূপ:

| অডিট ফি | | | সমবায় উন্নয়ন তহবিল (সিডিএফ) | | |
|---|---|---|---|---|---|
| ধার্য (টাকা) | আদায় (টাকা) | আদায়ের হার | ধার্য (টাকা) | আদায় (টাকা) | আদায়ের হার |
| ১১৬৪১০ | ১১৬৪১০ | ১০০% | ১২৯৫৪০ | ১২৯৫৪০ | ১০০% |

## ২.৪ সমবায় খাতের অগ্রগতি

বাংলাদেশে সমবায়ের কার্যক্রম শতবর্ষ অতিক্রম করেছে। এ সুদীর্ঘ পথ পরিক্রমায় বিশ্ব অর্থনীতির সকল জোয়ার ভাটা সমবায়ের উপর দিয়ে প্রবাহিত হয়েছে। পুঁজিবাদের প্রবল দাপটে মাঝে মধ্যে সমবায়ের অবস্থা নাজুক হলেও এর ফলপ্রসূ কার্যকারিতা তাকে টিকিয়ে রেখেছে আর্থ-সামাজিক উন্নয়নের সার্বজনীন উপযোগী মাধ্যম হিসেবে। নতুন শতাব্দীতে সমবায় নতুন ভাবধারায় উজ্জীবিত হয়েছে। ফলে বিভিন্ন মাপকাঠিতে এর ক্রমঅগ্রসরতা দৃশ্যমান হয়। এ দেশে প্রাথমিক সমবায় সমিতির কার্যক্রমই সমবায় আন্দোলনের মূল চালিকা শক্তি। মান্দা, নওগাঁ বিভাগের প্রাথমিক সমবায় সমিতির কিছু নিয়ামক চিত্র তুলে ধরা হল:

### প্রাথমিক সমিতির সংখ্যা

নতুন সহস্রাব্দে সমবায়ের কিছু নতুন মাত্রা যুক্ত হওয়ায় প্রতি বছরেই উল্লেখযোগ্য সংখ্যক সমবায় সমিতি নিবন্ধিত হচ্ছে। সমবায় অধিদপ্তরের সরাসরি তত্ত্বাবধানে গঠিত সমবায় সমিতির পাশাপাশি সরকারি ও বেসরকারি সংস্থার উদ্যোগেও বিভিন্ন ক্যাটাগরির সমবায় সমিতি নিবন্ধিত হয়ে থাকে। ২০২৩-২০২৪ বছর পর্যন্ত এ উপজেলায় প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা দাঁড়িয়েছে ১৯৭ টি।

### সদস্য সংখ্যা

সমবায় নিম্নবিত্তের সংগঠন হিসেবে আবির্ভূত হলেও বর্তমানে সকল শ্রেণির বিপুল সংখ্যক জনগোষ্ঠী সমবায়কে আর্থ-সামাজিক উন্নতির একটি পরীক্ষিত কৌশল হিসেবে বেছে নিয়েছে। ২০২৩-২০২৪ অর্থ বছর পর্যন্ত এ বিভাগের প্রাথমিক সমবায় সমিতির সদস্য সংখ্যা দাঁড়িয়েছে ৬৫০০০ হাজার জন।

### শেয়ার মূলধন

দরিদ্র জনগোষ্ঠীর ক্ষুদ্র পুঁজির সমন্বয় ঘটিয়ে বৃহৎ মূলধন গঠন এবং গঠিত মূলধন বিনিয়োগ করে অর্থনৈতিক কর্মকাণ্ড বৃদ্ধি করাই হচ্ছে সমবায়ের লক্ষ্য অর্জনের মূল কৌশল। যার প্রধান উৎস হল সদস্যদের নিকট বিক্রিত শেয়ার। ২০২৩-২০২৪ অর্থ বছর পর্যন্ত এ পরিশোধিত শেয়ার মূলধনের পরিমাণ দাঁড়িয়েছে ১০.৯০ কোটি টাকা যা বিগত বছরের তুলনায় ২% বৃদ্ধি পেয়েছে।

### সঞ্চয় আমানত

সমবায় সমিতির মূলধন গঠনে শেয়ারের পরে সঞ্চয়ের ভূমিকা উল্লেখযোগ্য। সদস্যরা লাভের প্রত্যাশায় সমিতিতে সঞ্চয় জমা করে থাকে। ২০২৩-২০২৪ অর্থ বছর পর্যন্ত আদায়কৃত সঞ্চয় আমানতের পরিমাণ দাঁড়িয়েছে ৩৫.৫০ কোটিটাকা যা বিগত বছরের তুলনায় ৩% বৃদ্ধি পেয়েছে।

### কার্যকরী মূলধন

সমবায় সমিতির শেয়ার মূলধন, সঞ্চয় আমানত ও নীট লাভ হতে সৃষ্ট তহবিলসমূহ কার্যকরী মূলধনের উল্লেখযোগ্য অংশ গঠন করে থাকে। ২০২৩-২০২৪ অর্থ বছরে সমিতিগুলোর সংরক্ষিত তহবিলের পরিমাণ দাঁড়িয়েছে ৪০ কোটি টাকা যা বিগত বছরের তুলনায় ১% বৃদ্ধি পেয়েছে।

### নীট লাভ

সমবায় সমিতিগুলো সদস্যদের মাঝে বিভিন্ন ধরনের ঋণ সহায়তা প্রদান ও অন্যান্য পরিচালন কার্যক্রমের মাধ্যমে ২০২৩-২০২৪অর্থ বছরে ১.২৭ কোটি টাকা নীট লাভ অর্জন করেছে। বিগত বছরের তুলনায় ৩% বৃদ্ধি পেয়েছে।

### লভ্যাংশ বিতরণ

২০২৩-২০২৪অর্থ বছরে প্রাথমিক সমবায় সদস্যদের মাঝে ৬৩০.৮০ লক্ষ টাকা লভ্যাংশ বিতরণ করেছে যা বিগত বছরের তুলনায় ৩% বেশি।

### কর্মসংস্থান

সমবায় সমিতির মাধ্যমে ২০২৩-২০২৪ অর্থ বছরে ৬২ জন সদস্যের প্রত্যক্ষ ও পরোক্ষভাবে কর্মসংস্থান সৃষ্টি হয়েছে যা বিগত বছরের তুলনায় ১% বেশি।

## ২.৫ আর্থ-সামাজিক উন্নয়নে উল্লেখযোগ্য সমবায় খাতসমূহ

### (১) কৃষি সমবায়

দারিদ্র্য পীড়িত, অশিক্ষিত এবং অনভিজ্ঞকৃষকদের সমবায়ের মাধ্যমে সংগঠিত করে উন্নত বীজ, সার ও সেচ পদ্ধতি ব্যবহারে উদ্বুদ্ধকরণের মাধ্যমে কৃষি উৎপাদন বৃদ্ধির ক্ষেত্রে সমবায়ের অবদান অসামান্য। যার ফলশ্রুতিতে ৮০'র দশকের মাঝামাঝি এদেশে সবুজ বিপ্লব সূচিত

হয়। কৃষি সমবায়ের সাথে সম্পৃক্ত কেন্দ্রীয় ও প্রাথমিক সমবায় সমিতিসমূহ হচ্ছে- কৃষি/কৃষক সমবায় সমিতি, কেন্দ্রীয় সমবায় ব্যাংক, কেন্দ্রীয় বহুমুখী সমবায় সমিতি, ইউনিয়ন বহুমুখী সমবায় সমিতি, উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন ও ভূমি উন্নয়ন ব্যাংক।

### (২) মৎস্যজীবী/মৎস্যচাষী সমবায়

দেশের পশ্চাদপদ ও অনগ্রসর জনগোষ্ঠীর জীবিকার উন্নয়নপ্রচেষ্টার অংশ হিসেবে সমবায় বিভাগ জেলে সম্প্রদায়কেসংগঠিত করে মৎস্যজীবী/মৎস্যচাষী সমবায় সমিতি গঠন করে থাকে। বর্তমানে দেশের মৎস্যজীবী সম্প্রদায়ের বৃহৎ অংশ মৎস্যজীবী/মৎস্যচাষী সমবায় সমিতির সদস্য। এসব মৎস্যজীবী/মৎস্যচাষীসমবায় দেশের আপামর জনসাধারণের প্রোটিন চাহিদা মিটিয়ে দেশেরঅর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখছে।

### (৩) দুগ্ধ সমবায়

দুগ্ধ উৎপাদনকারী সমবায় সমিতি ক্ষুদ্র, প্রান্তিক এবং হতদরিদ্র কৃষকদের জীবনমান উন্নয়নে এবং দারিদ্র্য বিমোচনে অবিস্মরণীয়অবদান রাখছে। প্রাথমিক দুগ্ধ সমবায় সমিতি এবং বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিঃ (মিল্কভিটা) নামে একটি জাতীয় সমিতি এ খাতের নেতৃত্ব প্রদান করছে যেটি এ বিভাগের সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর উপজেলায় অবস্থিত।মিল্কভিটা গ্রামীণ সমবায় ভিত্তিক দুগ্ধ সংগ্রহ, দুগ্ধজাত পণ্য প্রক্রিয়াজাতকরণ এবং বিপণনের মাধ্যমে দারিদ্র্য বিমোচনে সরাসরি অবদান রেখে চলেছে।

### (৪) আশ্রয়ণ সমবায়

আশ্রয়ণ প্রকল্প মাননীয় প্রধানমন্ত্রীর একটি দারিদ্র্য বিমোচন প্রকল্প এবং সামাজিক নিরাপত্তা বেষ্টনীভুক্ত কর্মসূচি। ১৯৯৭ সাল থেকেসমবায় বিভাগ আশ্রয়ণ/আশ্রয়ণ(ফেইজ-২)/আশ্রয়ণ-২ প্রকল্পের ঋণ কার্যক্রম পরিচালনায় মুখ্য ভূমিকা পালন করছে।উপজেলা বাস্তবায়ন টাস্কফোর্স কর্তৃক নির্বাচিত ও পুনর্বাসিত পরিবারের সদস্যদের সমন্বয়ে সমবায় সমিতিগঠন ও নিবন্ধন করে যাতে তারা সমবায়ের ভিত্তিতে নিজেদের সমস্যা নিজেরা সমাধান করতে পারে।

### (৫) পানি ব্যবস্থাপনা সমবায়

পানি সম্পদ উন্নয়নের লক্ষ্যে নির্মিত ভৌত অবকাঠামো রক্ষণাবেক্ষণ ও ব্যবহারের উদ্দেশ্যেএলাকার সকল শ্রেণির জনগণের প্রতিনিধিত্বে গঠিত হয়েছে পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি। ভূ-উপরিস্থিত পানিসম্পদের উন্নয়নের মাধ্যমে কৃষি ও মৎস্য উৎপাদন বৃদ্ধির জন্য এলজিইডি প্রকল্পগুলো বাস্তবায়ন করে থাকে। উপজেলা সমবায় কার্যালয়সহ জেলা ও উপজেলা সমবায় কার্যালয়সমূহ পানিব্যবস্থাপনা সমবায় সমিতিসমূহের বিধিবদ্ধ কার্যাবলি নিয়মিত তদারকি করে থাকে।

### (৬) বহুমুখী, সঞ্চয় ও ঋণদান সমবায় এবং কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন

জনসাধারণের মাঝে সঞ্চয় প্রবণতা সৃষ্টি এবং বিভিন্ন ট্রেডে ঋণ সহযোগিতা প্রদানের লক্ষ্যে গঠিত হয়েছে বহুমুখী সমবায় সমিতি, সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি এবং কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন।

## সমবায়ী

সমবায়ের ক্ষেত্রে বিশেষ অবদানের স্বীকৃতি হিসেবে বাংলাদেশ সরকার কর্তৃক প্রতি বছর ১০টি ক্যাটাগরিতে সমবায় সমিতি/সমবায়ীকে জাতীয় সমবায় পুরস্কার প্রদান করা হয়। পুরস্কার হিসেবে ১৮ ক্যারেট মানের ১০ গ্রাম ওজনের একটি স্বর্ণপদক এবং সনদপত্র বিতরণ করা হয়। বিভিন্ন সময়ে জাতীয় সমবায় পুরস্কারপ্রাপ্ত মান্দা, নওগাঁ বিভাগের ৮টি সমবায় সমিতি/সমবায়ীর তথ্য নিম্নরূপ:

## জাতীয় সমবায় পুরস্কার, ২০২৩ এর জন্য মান্দা, নওগাঁ বিভাগের উপজেলা নির্বাচন কমিটি কর্তৃক নির্বাচিত শ্রেষ্ঠ সমবায় সমিতির তালিকা

| নং | শ্রেণি | সমবায় সমিতি/সমবায়ীর নাম | উপজেলার নাম |
|---|---|---|---|
| | কৃষি ভিত্তিক/সার্বিক গ্রাম উন্নয়ন | বড়বেলালদহ সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিমিটেড | মান্দা |
| | সঞ্চয় ও ঋণদান/ক্রেডিট | - | - |
| | দুগ্ধ সমবায় | - | - |
| | মহিলা সমবায় | - | - |
| | বহুমুখী সমবায় | বিষ্ণুপুর চকশৈল্যা বহুমূখী সমবায় সমিতি লিমিটেড | মান্দা |
| | মৎস্য সমবায় | - | - |
| | মুক্তিযোদ্ধা সমবায় | - | - |
| | বিত্তহীন, ভূমিহীন সমবায় | - | - |
| | যুব, বিশেষ শ্রেণী, তাঁতীসহ অন্যান্য পেশাভিত্তিক সমবায় | - | - |
| | কর্মকর্তা/কর্মচারী, পরিবহন শ্রমিক কর্মচারী সমবায় | - | - |
| | ব্যবসায়ী সমবায় সমিতি | জোতবাজার বণিক সমবায় সমিতি লিমিটেড | মান্দা |

# চতুর্থ অধ্যায়

## উন্নয়ন প্রকল্প

সমবায় অধিদপ্তর কর্তৃক সমাপ্ত ও বাস্তবায়নাধীন বিভিন্ন প্রকল্প কার্যক্রম সক্রিয়ভাবে এগিয়ে নেওয়ার জন্য উপজেলা সমবায় কার্যালয়, মান্দা, নওগাঁ নিরলসভাবে কাজ করে যাচ্ছে। ২০২৩-২০২৪ অর্থ বছরে বিভিন্ন প্রকল্পের অগ্রগতি নিম্নরূপঃ

### ৪.১ আশ্রয়ণ প্রকল্প

| বিবরণ | আশ্রয়ণ | আশ্রয়ণ ফেইজ-২ | আশ্রয়ণ-২ |
|---|---|---|---|
| প্রকল্প সংখ্যা (টি) | ২ | ২ | ১ |
| ব্যারাক সংখ্যা (টি) | ০৭ | ০৭ | ২ |
| সমিতির সংখ্যা (টি) | ০১ | ০১ | ১ |
| উপকারভোগীর সংখ্যা (জন) | ২৫৫ | ৪১ | ১৮ |
| ঋণ বিতরণ (ক্রমপুঞ্জিভুত) | ২২৫২০০০ | ৮৪৫০০০ | ১২৫৬০০০/- |
| ঋণ আদায় (ক্রমপুঞ্জিভুত) | ১৮৬৮০২৪ | ৫৬১৮১৮ | ১১১২১৬৬/- |
| সার্ভিস চার্জ আদায় | ১১৭২ | ০/- | ০/- |
| মোট আদায় সার্ভিস চার্জসহ | ১৫৬৮৯৬ | ৬৭৬০০ | ৮৪৩১১/- |

# পঞ্চম অধ্যায়

## উপজেলা সমবায় কার্যালয়, মান্দা, নওগাঁতে কর্মরত কর্মকর্তা-কর্মচারিগণের তথ্য

কর্মকর্তা

| নং | নাম | পদবি | মোবাইল নাম্বার |
|---|---|---|---|
| ১ | মোহাম্মদ আব্দুর রশিদ | উপজেলা সমবায় অফিসার(ভারপ্রাপ্ত) | ০১৭১৩৭৮৭২৪৭ |

কর্মচারি

| নং | নাম | পদবি | মোবাইল নাম্বার |
|---|---|---|---|
| ১ | মোঃ শফিকুল ইসলাম | সহকারী পরিদর্শক | ০১৭৫৭২৬৭২৩১ |
| ২ | উজ্জ্বল কুমার কবিরাজ | সহকারী পরিদর্শক | ০১৮১৬৬৭৮৩২৮ |
| ৩ | মিঠুন কুমার দত্ত | অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর | ০১৭০০৯৯১০১১ |